

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪১

২/ বিদআত

পরিচ্ছেদঃ ইসলাম পূর্ণাঙ্গ দ্বীন

আরবী

عَنْ أَبِيْ جُحَيْفَةَ رَضِيَ اللهُ عَنهُ قَالَ قُلْتُ لِعَلِيِّ رَضِيَ اللهُ عَنهُ هَلْ عَندَكُمْ شَيْءٌ مِنْ الْوَحْيِ إِلَّا مَا فِي كِتَابِ اللهِ قَالَ لَا وَالَّذِي فَلَقَ الْحَبَّةَ وَبَرَأَ النَّسَمَةَ مَا أَعْلَمُهُ إِلَّا فَهْمًا يُعْطِيهِ اللهُ رَجُلًا فِي الْقُرْآنِ وَمَا فِي هَذِهِ الصَّحِيفَةِ يُعْطِيهِ اللهُ رَجُلًا فِي الْقُرْآنِ وَمَا فِي هَذِهِ الصَّحِيفَةِ قَالَ الْعَقْلُ وَفَكَاكُ الْأَسِيرِ وَأَنْ لَا يُقْتَلَ مُسْلِمٌ بِكَافِرٍ قَلْتُ وَمَا فِي الْعَقْلُ وَفَكَاكُ الْأَسِيرِ وَأَنْ لَا يُقْتَلَ مُسْلِمٌ بِكَافِرٍ

বাংলা

(১৪১) আবূ জুহাইফাহ (রাঃ) বলেন, একদা আমি আলী (রাঃ) কে জিজ্ঞাসা করলাম, আপনাদের নিকট এমন কিছু (ইলম) আছে কি, যা কুরআনে নেই? উত্তরে তিনি বললেন, সেই সন্তার কসম! যিনি বীজকে অঙ্কুরিত করেন এবং প্রাণ সৃষ্টি করেন, আমাদের নিকট কুরআনে যা আছে, তার বাড়তি কিছু নেই। তবে আল্লাহর কিতাবের সমঝ এবং এই সহীফাতে যা আছে তাই। আমি বললাম, সহীফাতে কি আছে? তিনি বললেন, রক্তপণ ও বন্দী মুক্তির ব্যাপার এবং এই যে, কোন কাফেরের খুনের বদলায় কোন মুসলিমকে হত্যা করা যাবে না।

ফুটনোট

(বুখারী ৩০৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন